

For Age Group: 10 to 12 years

Name of poem: মাস্টারবাবু

আমি আজ কানাই মাস্টার,

পোড়ো মোর বেড়ালছানাটি।

আমি ওকে মারি নে মা, বেত,

মিছিমিছি বসি নিয়ে কাঠি।

রোজ রোজ দেরি করে আসে,

পড়াতে দেয় না ও তো মন,

ডান পা তুলিয়ে তোলে হাই

যত আমি বলি 'শোন্ শোন্'।

দিনরাত খেলা খেলা খেলা,

লেখায় পড়ায় ভারি হেলা।

আমি বলি 'চ ছ জ ঝ ঞ',

ও কেবল বলে 'মিয়োঁ মিয়োঁ'।

প্রথম ভাগের পাতা খুলে

আমি ওরে বোঝাই মা, কত—

চুরি করে খাস নে কখনো,

ভালো হোস গোপালের মতো।